

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ইউনিট-১০
www.bpsc.gov.bd



বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-৮০.০০.০০০০.১১০.১১.০০৬.২৪ (অংশ-১৯). ৫৪১

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩
২৪ সেপ্টেম্বর ২০২৬

বিষয় : জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি কর্মচারী হাসপাতালের ৯ম ও ১০ম গ্রেডের ০৩ ক্যাটাগরি পদের বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন বিন্যাস ও নির্দেশাবলি।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি কর্মচারী হাসপাতালের ৯ম ও ১০ম গ্রেডের ০৩ ক্যাটাগরি পদের বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময়সূচি ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :


লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন বিন্যাস ও জরুরি নির্দেশাবলি :

ক্র. নম্বর	পদের নাম, গ্রেড বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	পরীক্ষার তারিখ ও সময়	কেন্দ্রের নাম	রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ	প্রার্থী সংখ্যা
১.	ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ: ১৩-০২-২০২৫ খ্রি. ক্রমিক নম্বর: ৭৬	৩০-০৯-২০২৬ খ্রি. বুধবার সকাল ১১:৩০ মিনিট হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	নন-ক্যাডার ডল্টরুম-২ এর সামনে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা	000018-800187	৫৩ জন
২.	মেডিকেল অফিসার (৯ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ: ১৩-০২-২০২৫ খ্রি. ক্রমিক নম্বর: ৪৩	১৮-১০-২০২৬ খ্রি. রবিবার সকাল ১১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা	000002-400594	২১১৯ জন
			মাল্টিপারপাস হল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা	500012-800696	৩৩৩ জন
৩.	সহকারী রেজিস্ট্রার (৯ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ: ১৩-০২-২০২৫ খ্রি. ক্রমিক নম্বর: ৪২	২৬-১০-২০২৬ খ্রি. সোমবার সকাল ১১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত	৭১ মিলনায়তন বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা	000002-000781	১৯৯ জন
			মাল্টিপারপাস হল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা	000786-800090	৩৬০ জন

- প্রার্থীদের প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হবার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, মানি ব্যাগ, যেকোন ধরনের হাতঘড়ি, মোবাইল ফোন, যে কোন ধরনের অলংকার, সানগ্লাস জাতীয় চশমা, ব্যাংক কার্ড বা কার্ড সদৃশ যে কোন বস্তু, কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে প্রার্থিতা বাতিল করা হবে এবং উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(Signature)

৭. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাঁদেরকে ৩০-০৯-২০২৬ তারিখের লিখিত পরীক্ষার জন্য আগামী **২১-০৯-২০২৬ তারিখ**, ১৮-১০-২০২৬ তারিখের লিখিত পরীক্ষার জন্য আগামী **০৭-১০-২০২৬** এবং ২৬-১০-২০২৬ তারিখের লিখিত পরীক্ষার জন্য আগামী **১৩-১০-২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে** শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে পরিচালক, ইউনিট-১০ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাপূর্বক কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।
৮. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।
৯. পরীক্ষার সময় প্রার্থীরা কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে।
১০. সায়েন্টিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
১১. মানবন্টন: i) **ব্যক্তিগত কর্মকর্তা** (১০ম গ্রেড): বাংলা-২৫, ইংরেজি-২৫, গণিত-২০ ও সাধারণ জ্ঞান-২০ নম্বরসহ মোট ৯০ নম্বর।
ii) **মেডিকেল অফিসার** (৯ম গ্রেড): বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়-৮০ নম্বরসহ মোট ২০০ নম্বর।
iii) **সহকারী রেজিস্ট্রার** (৯ম গ্রেড): বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়- ৮০ নম্বরসহ মোট ২০০ নম্বর।
১২. প্রার্থীদের একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি আলাদা উত্তরপত্র প্রদান করা হবে। প্রতিটি বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১৩. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১৪. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।
- ❖ **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- ❖ **চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**



মোঃ মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
চলতি দায়িত্ব